বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD
ISO 9001, ISO 14001 & ISO 45001 Certified

পবিস মানব সম্পদ পরিদপ্তর
সদর দপ্তর ভবন (৮ম-তলা)
নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
☎#০২-৮৯০০৪৩৩
e-mail: dir.pbshr@gmail.com
website: www.reb.gov.bd

স্মারক নং: ২৭.১২.০০০০.০০০.১১০.৫১.০০১২.২৬.৭৪৭৬

তারিখ: ১২ শ্রাবণ, ১৪৩৩ বঙ্গাব্দ / ২৭ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ

সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার
সংশ্লিষ্ট পল্লী বিদ্যুৎ সমিতি

বিষয়ঃ **পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের জন্য শিক্ষানবিশ লাইনম্যান পদে নিয়োগ পরীক্ষা গ্রহণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৮০ টি পল্লী বিদ্যুৎ সমিতির **'শিক্ষানবিশ লাইনম্যান'** পদে লোকবল নিয়োগের জন্য সমিতি কর্তৃক প্রেরিত তালিকা অনুযায়ী শারীরিক যোগ্যতায় প্রাথমিকভাবে উত্তীর্ণ সংশ্লিষ্ট প্রার্থীদের লিখিত (MCQ) পরীক্ষা আগামী ১৪/০৮/২০২৬ খ্রিঃ, রোজঃ শুক্রবার সকাল ১০:০০ (দশ) ঘটিকায় নিম্নের ছকে বর্ণিত কেন্দ্রসমূহে একযোগে ঢাকায় অনুষ্ঠিত হবে।

| ক্রমিক নং | কেন্দ্রের নাম | ঠিকানা |
|---|---|---|
| ০১। | কুর্মিটোলা হাইস্কুল এন্ড কলেজ | খিলক্ষেত, ঢাকা-১২২৯ |
| ০২। | উত্তরা হাই স্কুল এন্ড কলেজ | রোড- ১ ও ২৭, সেক্টর- ০৭, উত্তরা, ঢাকা-১২৩০ |
| ০৩। | মিরপুর গার্লস আইডিয়াল ল্যাবরেটরি ইনস্টিটিউট | মিরপুর-১০, ঢাকা-১২১৬ |
| ০৪। | মিরপুর আদর্শ উচ্চ বিদ্যালয় | মিরপুর-১০, কাফরুল, ঢাকা-১২১৬ |

পবিসভিত্তিক MCQ পরীক্ষার জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীর সংখ্যা, রোল রেঞ্জ (**সংযুক্তি-'ক', ০২ পৃষ্ঠা**) এবং কক্ষ ভিত্তিক হাজিরা শীটের নমুনা (সফট কপি এবং হার্ড কপি **সংযুক্তি-'খ', ১০ পৃষ্ঠা**) অত্রসাথ সংযুক্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো। উক্ত পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের করণীয় নিম্নরূপঃ

০১। আগামী ০২/০৮/২০২৬ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট প্রার্থী কর্তৃক প্রবেশপত্রে উল্লিখিত ঠিকানায় ডাকযোগে (আন্ডার সার্টিফিকেট অব পোস্টিং) প্রবেশপত্র প্রেরণ করতে হবে। উল্লেখ্য প্রবেশপত্রে প্রার্থীর ০১ কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে এবং অফিস কর্তৃক পূরণীয় অংশ আবশ্যিকভাবে পূরণ করতে হবে;

০২। প্রবেশপত্রে পরিচালক (পবিস মানব সম্পদ) এর পক্ষে সংশ্লিষ্ট সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার স্বাক্ষর করবেন:

০৩। কোন প্রার্থী ডাকযোগে প্রেরিত প্রবেশপত্র না পেলে তার আবেদনের প্রেক্ষিতে যাচাই বাছাই করে ০৫/০৮/২০২৬ খ্রি. তারিখের পরে ডুপ্লিকেট প্রবেশপত্র ইস্যু করা যেতে পারে;

০৪। পবিসের জন্য নির্ধারিত রোল রেঞ্জ অনুযায়ী কক্ষ ভিত্তিক PDF **হাজিরা শীট (রঙিন)** প্রস্তুত করতঃ (**সংযুক্তি-'গ', ০১ পৃষ্ঠা**) আবশ্যিকভাবে আগামী ০২/০৮/২০২৬ খ্রি. তারিখের মধ্যে উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে এবং সফটকপি অত্র পরিদপ্তরের ই-মেইলে প্রেরণ করতে হবে।

**প্রয়োজনে যোগাযোগঃ** মোঃ আখতারুজ্জামান, প্রোগ্রামার (চ: দা:), পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
মোবাইল নম্বরঃ ০১৭১৬-৫০৯৬৬৯

২৭-৭-২৬
(মোহাম্মদ মইনুল হাসান)
পরিচালক (প্রশাসন)

**সদয় অবগতির নিমিত্ত অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃঅঃ/উঃঅঃ/দঃঅঃ/পূঃঅঃ/পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো → নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করতঃ ৩০/০৮/২০২৬ খ্রিঃ পর্যন্ত ওয়েবসাইটে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো
০৫। একান্ত সচিব, সদস্য (সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো

২৭-৭-২৬
(মোঃ আখতারুজ্জামান)
প্রোগ্রামার (চ.দা.)